

Department of BOTANY
Meghali Mallick (Guest Teacher)
2nd sem generic
Paper-GE2P

Sample-

Salvia So. (Lamiaceae)

বসতি:

একবর্ষজীবী, গুল্ম, গন্ধযুক্ত।

কান্ড:

চতুষ্কোণ ও গ্রন্থি রোম যুক্ত।

পাতা:

সরল, বিপরীত ত্রিভুজাকার, উপপত্র বিহীন, আখান্ডিত, বিষমপৃষ্ঠ,
চর্ম বৎ, জালিকাকার শিরাবিন্যাস, লোমশ।

পুষ্পবিন্যাস: ভার্টিসিলাস্টার।

ফুল:

মঞ্জুরিপত্র যুক্ত, সম্পূর্ণ, উভয় লিঙ্গ, অসমাপ্ত এক প্রতিসম,
গর্ভপাত।

বৃত্তি:

বৃত্তাংশ পাঁচটি, কলাকৃতি, স্থায়ী, ইমব্রিকেট।

দলঅংশ:

বাইলাবিয়েট, পাপড়ি পাঁচটি, উপরের খন্ড দুটি পাপড়ি নিয়ে,
নিচের খন্ড তিনটি পাপড়ি নিয়ে গঠিত। ইমব্রিকেট, লাল বর্ণের।

পুংস্তবক:


পুংকেশর চারটি, দললগ্ন, পুংধনী দ্বিকোষী।

স্ত্রীস্তবক:

গর্ভপত্র দুটি, যুক্ত, গর্ভাশয় অধিগর্ভ, সাধারণত দুই প্রকোষ্ঠ বিশিষ্ট,
কিন্তু পরে গর্ভপত্র চেপে গিয়ে চার প্রকোষ্ঠ দেখায়। অমরাবিন্যাস অক্ষীয়
প্রকৃতির, গর্ভদন্ড গর্ভমূলখ, গর্ভমুণ্ড দ্বিখন্ডিত।

ফল:

কারসেরুলাস, চারটি নাট লেটস নিয়ে গঠিত, স্থায়ী বৃত্তি দ্বারা আবৃত।



Salvia sp. উদ্ভিদের বিভিন্ন অংশ ও পুষ্প চিত্র।

সনাক্তকারী চরিত্র:

- মিষ্টি গন্ধ যুক্ত।

- কান্ড চতুষ্কোণ ও গ্রন্থিরোম যুক্ত।
- উপপত্র বিহীন, বিপরীত তির্যক পল্ল পাতা।
- ভাটিসিলেস্টার পুষ্পবিন্যাস।
- পাপড়ি ওষ্ঠাধর আকৃতি।